

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৮৫

আগরতলা, ০২ ডিসেম্বর, ২০২৩

মেলাঘরে আত্মহত্যার ঘটনা
মুখ্যমন্ত্রীর দুঃখ প্রকাশ : তদন্তের নির্দেশ

আজ রাজ্যের কয়েকটি সংবাদপত্রে সোনামুড়া মহকুমার মেলাঘরের ঠাকুরপাড়ায় ‘একই পরিবারের তিনজনের অস্বাভাবিক মৃত্যু ঘিরে রহস্য’ শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা এই মর্মান্তিক মৃত্যুর ঘটনায় দুঃখ প্রকাশ করেছেন। তিনি হৃদয়বিদারক এই ঘটনাকে অনভিপ্রেত বলে মন্তব্য করেন। এই বিষয়ে মুখ্যমন্ত্রী সিপাহীজলার জেলাশাসককে সার্বিক তদন্ত করে পূর্ণাঙ্গ রিপোর্ট দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন। ঘটনার খবর পেয়েই সিপাহীজলা জেলার পুলিশ সুপার সহ সোনামুড়া মহকুমা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ ঘটনাস্থলে ছুটে গেছেন। আরক্ষা প্রশাসনের পক্ষ থেকেও তদন্ত করা হচ্ছে। ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে। মৃত ব্যক্তিদের ময়না তদন্ত করা হয়েছে।

মেলাঘরের ঠাকুরপাড়ায় যে তিনজন আত্মঘাতী হয়েছেন তারা হলেন চিন্তাহরণ পাল (৭৫), প্রতিভা পাল (৬০) ও তাদের কন্যা মণিকা পাল। প্রাথমিক রিপোর্ট অনুসারে জেলা প্রশাসনের পক্ষ থেকে মৃত ব্যক্তির ভাইয়ের সঙ্গে কথা বলে জানা গেছে, অনাহারে বা অভাবের তাড়নায় মৃত্যুর অভিযোগ সঠিক নয়। মৃত প্রতিভা পাল (৬০) একজন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মিড-ডে-মিল কর্মী ছিলেন। ঐ পরিবারের কন্যা সন্তান শারীরিক প্রতিবন্ধী ছিল। মূলতঃ তার শারীরিক অসুস্থতাজনিত পারিবারিক মানসিক বিষণ্ণতা ও হতাশার ফলে এই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে প্রাথমিক রিপোর্টে জানা গেছে। আর্থিক সংকটের কোন কারণ এই মৃত্যুর সাথে জড়িত নয়।
